

নম্বর ৩৭.০০.০০০০.০৯৩.৯৯.০০১.২০.২৮৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৯


০১ সেপ্টেম্বর ২০২২

...

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার মামলার তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০-০৭-২০২২ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তের আলোকে তথ্যাদি আগামী ১১/০৯/২০২২ তারিখের মধ্যে আইন অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৫.১	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল মামলার ডাটা বেইজে এন্ট্রিকৃত মামলার তথ্য মামলার আদেশ/রায়ের সাথে সাথে হালনাগাদ করবে;	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৫.২	যে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার বেসরকারি প্যানেল আইনজীবী নাই সে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থায় অতিসত্ত্বর বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম গ্রহণ করবে;	ব্যানবেইজসহ অন্যান্য প্রতিষ্ঠান
৫.৩	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা জনগুরুত্বপূর্ণ মামলার তালিকা তৈরি করে নিরীক্ষা ও আইন অনুবিভাগে দাখিল করবে;	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৫.৪	মহামান্য আদালত কর্তৃক যে সকল মামলায় বাদি আবেদন নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করা হয়, সেই আবেদনসমূহ সময়মত নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করা হয়। এছাড়াও অর্ন্তবর্তীকালীন আদেশ/Stay/Status quo/Extension, নিষ্পত্তির নির্দেশনা, রুল এবসলিউট/পিটিশনারের পক্ষে রায়/নির্দেশনা প্রদান করা হলে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আইন অধিশাখাকে অবহিত করবে;	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৫.৫	সরকারের পক্ষে/বিপক্ষে মামলা নিষ্পত্তি তথ্য ও উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ সংশ্লিষ্ট-পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত তথ্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে এ অনুবিভাগের আইন অধিশাখায় প্রেরণ করবে;	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৫.৬	ঢাকার বাহিরে প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক দপ্তর হতে তদারকী করা।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



১-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: -

ইমেইল: -

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (দু: আ সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৩) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৬) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৭) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ৮) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ১২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ১৪) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১৫) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১৮) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২০) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ